

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

২৮ অক্টোবর ২০১৮

গণস্বাস্থ্য কেন্দ্রে হামলা, ছাত্রীদের উত্যক্তকরণ, লিমন হোসেনের হাত ভেঙ্গে দেয়া এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিষ্ক্রিয়তা হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর তীব্র নিন্দা ও প্রতিবাদ

গণস্বাস্থ্য কেন্দ্রে হামলা, ভাংচুর ও লুটপাট, ছাত্রী হোস্টেলে আক্রমণ করে ছাত্রীদের উত্যক্তকরণ এবং ছাত্র লিমন হোসেনকে মারধর করে হাত ভেঙ্গে দেয়ার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করছে।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, গত ২৬ অক্টোবর ২০১৮, শুক্রবার সকালে প্রায় দুই শতাধিক লোক ধারালো অস্ত্র, লোহার রড ও লাঠি হাতে সাভারের গণস্বাস্থ্য কেন্দ্রের আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র পিএইচএ ভবনে হামলা চালিয়ে ব্যাপক ভাংচুর ও লুটপাট চালায়। হামলার এক পর্যায়ে হামলাকারীরা পাশের তিনটি ছাত্রী হোস্টেলে ঢুকে পড়ে এবং ছাত্রীদের উদ্দেশ্যে নানা অশালীন মন্তব্য করতে থাকে। গণস্বাস্থ্য কেন্দ্রের সহযোগী প্রতিষ্ঠান গণ বিশ্ববিদ্যালয়ে এলএলএমের চূড়ান্ত বর্ষের ছাত্র লিমন হোসেন কয়েকজন সহপাঠী নিয়ে ছাত্রীদের উদ্দেশ্যে অশালীন মন্তব্যের প্রতিবাদ জানান এতে হামলাকারীরা ক্ষিপ্ত হয়ে লিমন ও তার সহপাঠীদের আক্রমণ করে, লাঠি দিয়ে পিটিয়ে লিমনের হাত ভেঙ্গে দেয়। এখানে উল্লেখ্য, ২০১১ সালে ঝালকাঠিতে র্যাব লিমনকে আটক করে তার পায়ে গুলি করলে সে একটি পা হারায়। লিমনের বিরুদ্ধে দুটি মামলা দায়ের করা হলেও ২০১৩ সালে মামলা দুটি থেকে তাকে অব্যহতি দেয়া হয়। যদিও দায়ী র্যাব সদস্যদের বিরুদ্ধে এখনও পর্যন্ত কোনরকম ব্যবস্থা নেওয়া হয়নি।

এইচআরএফবি গণস্বাস্থ্য কেন্দ্রে এ হামলার তীব্র নিন্দা জানাচ্ছে। গত বৃহস্পতিবার থেকে বেশ কয়েক বার গণস্বাস্থ্য কেন্দ্রে হামলা করা হলেও এবং দীর্ঘ সময় ধরে এ সশস্ত্র হামলা চলতে থাকলেও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী হামলা বন্ধে ও জড়িতদের গ্রেফতার করতে কোনো কার্যকর ভূমিকা না রাখায় ফোরাম অত্যন্ত ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। হামলা পরবর্তী সময়ে লিমন মামলা করতে গেলে তার মামলা নেয়া হয়নি এখন পর্যন্ত। ঘণ্যতম এ হামলার সাথে জড়িতদের বিরুদ্ধে কোনো আইনী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে- এমন তথ্য আমাদের কাছে নেই। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর এই নিষ্ক্রিয়তার কারণ খতিয়ে দেখতে ফোরাম প্রশাসনের কাছে দাবী জানাচ্ছে। পাশাপাশি গণস্বাস্থ্য কেন্দ্রে হামলা, ছাত্রীদেরকে উত্যক্তকরণ ও লিমন হোসেনের ওপর হামলায় জড়িত ব্যক্তিদের চিহ্নিত করা সহ এ ঘটনায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ নিশ্চিত করার লক্ষে দেশের প্রথিতযশা নাগরিকদের প্রতিনিধি সম্পৃক্ত করে অবসরপ্রাপ্ত একজন বিচারকের নেতৃত্বে একটি তদন্ত কমিটি গঠনের আহ্বান জানাচ্ছে।



শীপা হাফিজা

আহবায়ক, এইচআরএফবি এবং

নির্বাহী পরিচালক, আসক

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BLS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)